গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........................................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................................ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

জনগণের জীবন ও সম্পদের নিরাপত্তা বিধান এবং দেশের আইন-শৃঙ্খলা রক্ষা ও নিয়ন্ত্রণকল্পে স্বরাষ্ট্র মন্ত্রণালয় নীতি নির্ধারণ ও বিধি বিধান প্রণয়ন করে থাকে। এ মন্ত্রণালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/সংস্থাসমূহের নিষ্ঠা, আন্তরিকতা ও কার্যকর সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালনের কারণে ০৫ জানুয়ারি ২০১৪ তারিখে ১০ম জাতীয় সংসদ নির্বাচন এবং পরবর্তীতে একাধিক পর্যায়ে ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হয়েছে। এ ছাড়া ০৫ জানুয়ারি ২০১৫ পরবর্তী সময়ে পরিচালিত সহিংসতা/নাশকতামূলক কর্মকান্ড কার্যকরভাবে মোকাবেলা করা সম্ভব হয়েছে। বিরোধী জোটের লাগাতার হরতাল-অবরোধের মধ্যেও জানুয়ারি ২০১৫ মাসের ২য় ও ৩য় সপ্তাহে বিশ্ব ইজতেমা, ফেব্রুয়ারি ২০১৫ মাসে এসএসসি ও সমমানের পরীক্ষা এবং এপ্রিল ২০১৫ মাসের ১ম সপ্তাহ থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। ২৮ এপ্রিল ২০১৫ তারিখে ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হয়েছে। দেশে জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদার এবং এ সংক্রান্ত কাজে অধিকতর সমন্বয়ের লক্ষ্যে একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। মানব পাচার প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা ২০১২-২০১৪ প্রণীত ও বাস্তবায়িত হয়েছে। এ ছাড়া মানব পাচার প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৫-২০১৭ প্রণয়ন করা হয়েছে। ২০১২- মার্চ ২০১৫ পর্যন্ত প্রত্যাবাসনের জন্য আবেদনকৃত ৪,২৬৮ জন ভিকটিমের মধ্যে ২,৩৮৬ জনের প্রত্যাবাসনের আদেশ জারি এবং ১,৪৩০ জনের চূড়ান্ত প্রত্যাবাসন সম্পন্ন হয়েছে। রাষ্ট্রীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলার স্বার্থে সন্দেহভাজন যে কোন ব্যক্তির কথোপকথন ও প্রেরিত বার্তা ইন্টারসেপ্ট করার সক্ষমতা সৃষ্টির জন্য ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) স্থাপন করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

মন্ত্রণালয়ের সমস্যা ও চ্যালেঞ্জসমূহের মধ্যে সুষ্ঠুভাবে দেশের অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, সীমান্তবর্তী এলাকার অপরাধ হ্রাসকরণ, মাদকদ্রব্যের অপব্যবহার রোধকরণ, যথাসময়ে এমআরপি ইস্যুকরণ,অগ্নিসহ বিভিন্ন প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ সফলভাবে মোকাবেলাকরণ এবং কারাগারের প্রশাসনিক অবস্থার উন্নয়নসহ কারাবন্দিদের আবাসন সমস্যা দুরীকরণ অন্যতম।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাংলাদেশ পুলিশ বাহিনীতে ৫০,০০০ পদ সৃজনে নীতিগত অনুমোদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পুলিশ কর্তৃক প্রস্তাবিত ৩৬,৯৬১টি পদ সৃজনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। পুলিশ সদস্যদের আবাসিক সমস্যা নিরসনকল্পে ২৪টি পুলিশ ব্যারাক এবং ৩৮টি মহিলা পুলিশ ব্যারাক নির্মাণের কাজ হাতে নেয়া হয়েছে। বিদেশে অবস্থিত ১০টি বাংলাদেশ মিশনে পাসপোর্ট ও ভিসা কার্যক্রম পরিচালনার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে ১ম শ্রেণীর ১৫টি পদ সৃজন ও সৃজনকৃত পদে জনবল নিয়োগের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এর সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের দক্ষতা বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উপকূলীয় ও সমুদ্র এলাকার সম্পদ রক্ষা, আহরণ এবং নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে কক্সবাজার ও পটুয়াখালীতে কোস্ট গার্ডের ০২টি ঘাটি স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**২০১৫-২০১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- অপরাধ বিস্তার রোধকল্পে ১ লক্ষ ১০ হাজার তদন্ত সম্পন্ন করা হবে;
- ৮,০০,০০০ গ্রেফতারী পরোয়ানা তামিল করা হবে;
- ফায়ার সার্ভিস কর্তৃক সাড়া প্রদানের সময়সীমা ৭.১৫ মিনিট/কি.মি. হতে ৬.৩০ মিনিট/কি.মি. তে হ্রাস করা হবে;
- ২৮২০০টি অগ্নি নির্বাপনী মৌলিক প্রশিক্ষণের আয়োজন করা হবে;
- এম আর পি ইস্যুর হার ১০০%-এ উন্নীত করা হবে;
- উপকূলবর্তী এলাকায় নিরাপত্তা বিষয়ক ১৯,০০০ অভিযান পরিচালনা করা হবে; এবং
- মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকল্পে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন পর্যায়ে ১৭,৯০০ কর্মশালা আয়োজন করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

একটি নিরাপদ, সুরক্ষিত ও আবাসযোগ্য পরিবেশ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নের মাধ্যমে দেশের সকল নাগরিকের জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সুষ্ঠুভাবে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ;
২. অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধিকরণ ;
৩. জনসাধারণের বিদেশ গমনাগমন সহজিকরণ ;
৪. সীমান্ত নিরাপত্তা জোরদারকরণ;
৫. মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার হ্রাসকরণ ;
৬. কারাবন্দিদের স্বাস্থ্যসম্মত ও নিরাপদ হেফাজত নিশ্চিতকরণ ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সন্ত্রাস দমন, গোয়েন্দা কার্যক্রম শক্তিশালীকরণ, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও উন্নয়নের মাধ্যমে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিতকরণ;
২. নিরাপত্তা সংক্রান্ত বিধি বিধান প্রণয়ন ও বাস্তবায়ন ;
৩. সীমান্ত রক্ষা, চোরাচালান প্রতিরোধ, কারা ব্যবস্থাপনা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত কার্যক্রম ;
৪. বাংলাদেশের নাগরিকত্ব প্রদান, নাগরিকত্ব পরিত্যাগ, দ্বৈত নাগরিকত্ব সনদ প্রদান ;
৫. জঙ্গিবাদ দমনে সামাজিক সচেতনতা বৃদ্ধিকরণ ;
৬. যুদ্ধ ও মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে রুজুকৃত মামলার ভিকটিম ও সাক্ষীদের নিরাপত্তা বিধান;
৭. প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগকালে উদ্ধার কার্যক্রম পরিচালনাকরণ; এবং
৮. বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও দেশের সাথে লিয়াজোঁ রক্ষা ও চুক্তি সম্পাদন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| অপরাধ প্রবণতা হ্রাসের হার বৃদ্ধি | অপরাধ প্রবণতা হ্রাসের হার | % | ০.০৯ | ০.০৮ | ০.১২ | ০.১৪ | ০.১৬ | বাংলাদেশ পুলিশ | বাংলাদেশ পুলিশ এর বার্ষিক প্রতিবেদন |
| মাদকাসক্তি হ্রাসের হার বৃদ্ধি | মাদকাসক্ত হ্রাসের হার | % | ০.৩০ | ০.৫৫ | ০.৫০ | ১.০০ | ১.২৫ | আইন ও বিচার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন |
| অগ্নিসহ অন্যান্য দুর্ঘটনায় সাড়া প্রদানের হার বৃদ্ধি | সাড়া প্রদানের হার | % | ৯০ | ৯২ | ৯৪ | ৯৬ | ৯৮ | দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সুষ্ঠুভাবে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ; | ২৮ | [১.১] অপরাধ চিহ্নিতকরণ এবং গ্রেফতার | [১.১.১] তামিলকৃত গ্রেফতারী পরোয়ানা | সংখ্যা (লক্ষ) | ৮.০০ | ৭.৪৬ | ৮.২৯ | ৮.০০ | ৭.৭৫ | ৭.৬০ | ৭.৫০ | ৭.৪৬ | ৮.৬০ | ৮.৭৫ |
| | | | [১.১.২] সনাক্তকৃত অপরাধী | সংখ্যা (লক্ষ) | ৭.০০ | ৪.২২ | ৪.৫১ | ৪.৫৫ | ৪.৪০ | ৪.৩০ | ৪.২৫ | ৪.২২ | ৫.২৫ | ৫.৫০ |
| | | [১.২] অপরাধ বিস্তার রোধকরণ | [১.২.১] সম্পন্নকৃত তদন্ত | সংখ্যা (লক্ষ) | ৭.০০ | ১.০৯ | ১.১৬ | ১.১০ | ১.০৯৩ | ১.০৯২ | ১.০৯১ | ১.০৯ | ১.২৫ | ১.৪০ |
| | | [১.৩] সড়ক এবং মহাসড়কে অপরাধ হ্রাস | [১.৩.১] হ্রাসকৃত মহাসড়ক সংক্রান্ত অপরাধ | সংখ্যা | ৬.০০ | ১০০২ | ১১৮৪ | ৯০০ | ৯২৫ | ৯৫০ | ৯৭৫ | ১০০২ | ৮৭৫ | ৮৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধিকরণ ; | ১৩ | [২.১] ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক পরিচালিত অগ্নি নির্বাপণ ও উদ্ধার কার্যক্রম | [২.১.১] সাড়াপ্রদানকৃত সময় | মিনিট/কি:মি: | ৪.০০ | ৭.৩০ | ৭.১৫ | ৬.৩০ | ৬.৪৫ | ৭.০০ | ৭.১৫ | ৭.৩০ | ৬.১৫ | ৬.০০ |
| | | | [২.১.২] দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম | সংখ্যা | ৩.০০ | ৩৬৭০ | ৩৯৮০ | ৪২০০ | ৪০৫০ | ৪০০০ | ৩৭৫০ | ৩৬৭০ | ৪৫০০ | ৪৭০০ |
| | | [২.২] প্রতিরোধমূলক কার্যক্রম | [২.২.১] পরিচালিত অগ্নি নির্বাপণ মহড়া | সংখ্যা | ২.০০ | ৩৩৪৬ | ৩৪০৫ | ৪০০০ | ৩৮৫০ | ৩৭০০ | ৩৫০০ | ৩৩৪৬ | ৪১০০ | ৪২০০ |
| | | | [২.২.২] ইস্যুকৃত অগ্নি লাইসেন্স ও ছাড়পত্র | সংখ্যা | ২.০০ | ৯৮৬৬ | ৮০৭৩ | ১০২০০ | ১০১০০ | ১০০০০ | ৯৯০০ | ৯৮৬৬ | ১০৩০০ | ১০৪০০ |
| | | | [২.২.৩] প্রশিক্ষিত স্বেচ্ছাসেবী | সংখ্যা | ১.০০ | ৭৪০৮ | ৩৫৪৬ | ৭৫০০ | ৭৪৭৫ | ৭৪৫০ | ৭৪২৫ | ৭৪০৮ | ৭৬০০ | ৭৭০০ |
| | | | [২.২.৪] প্রদানকৃত অগ্নি নির্বাপণী মৌলিক প্রশিক্ষণ | সংখ্যা | ১.০০ | ৯৫৬২ | ২৮০১৪ | ২৮২০০ | ২৮১০০ | ২৮০৫০ | ২৮০১৪ | ৯৫৬২ | ২৮৩০০ | ২৮৪০০ |
| [৩] জনসাধারণের বিদেশ গমনাগমন সহজিকরণ ; | ১২ | [৩.১] যথাসময়ে এমআরপি ও এমআরভি ইস্যুকরণ | [৩.১.১] ইস্যুকৃত এমআরপি | % | ৬.০০ | ৯২ | ৯৭ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| | | | [৩.১.২] ইস্যুকৃত এমআরভি | % | ৩.০০ | ৯১ | ৯৫ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯১ | ১০০ | ১০০ |
| | | [৩.২] পুলিশ ক্লিয়ারেন্স এবং ভেরিফিকেশন প্রদান | [৩.২.১] যথাসময়ে সাড়াপ্রদানকৃত আবেদন | % | ৩.০০ | ৮৫ | ৯৬ | ৯০ | ৮৮ | ৮৭ | ৮৬ | ৮৫ | ৯০ | ৯১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] সীমান্ত নিরাপত্তা জোরদারকরণ; | ১২ | [৪.১] সীমান্তবর্তী এলাকার অবৈধ কার্যকলাপ হ্রাসকরণ | [৪.১.১] হ্রাসকৃত সীমান্ত অপরাধ | সংখ্যা | ৫.০০ | ১০৮৯ | ৯৫৪ | ৮৭৫ | ৯০০ | ৯২৫ | ৯৫০ | ১০৮৯ | ৮৫০ | ৮২৫ |
| | | | [৪.১.২] হ্রাসকৃত মানব পাচার | সংখ্যা | ৩.০০ | ২২৭৩ | ৭৮৭ | ৭৬০ | ৭৭০ | ৭৮০ | ৭৮৭ | ২২৭৩ | ৫৫০ | ৫২৫ |
| | | [৪.২] উপকূলবর্তী এলাকার অবৈধ কার্যকলাপ হ্রাসকরণ | [৪.২.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ২.০০ | ১৩৮৫০ | ১৮১৪৬ | ১৯০০০ | ১৮৫৭৫ | ১৮৫০০ | ১৮২২৫ | ১৩৮৫০ | ১৯১০০ | ১৯২২৫ |
| | | | [৪.২.২] আটককৃত অপরাধী | সংখ্যা | ২.০০ | ৪১৫ | ২৬৩ | ২৫০ | ২৭০ | ৩০০ | ৩৫০ | ৪১৫ | ২৫০ | ২২৫ |
| [৫] মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার হ্রাসকরণ ; | ১০ | [৫.১] সচেতনতা বৃদ্ধিকরণ | [৫.১.১] ইউনিয়ন ভিত্তিক সনাক্তকৃত মূল ব্যক্তি | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৫.৮৫১ | ৪.০০ | ৪.৪০ | ৪.৩ | ৪.২ | ৪.১ | ৪.০০ | ৫.৮৭০ | ৫.৮৮০ |
| | | | [৫.১.২] আয়োজিত কর্মশালা | সংখ্যা | ২.০০ | ১৬০৪৭ | ১৬৮৯৯ | ১৭৯০০ | ১৭৬৫০ | ১৭৪৫০ | ১৭০০০ | ১৬০৪৭ | ১৮৫০০ | ১৯০০০ |
| | | [৫.২] মাদক বিক্রির বিরুদ্ধে নিয়মিত অভিযান | [৫.২.১] সনাক্তকৃত অপরাধী | সংখ্যা | ২.০০ | ১০৯১০ | ১০৯৯০ | ১১৫০০ | ১১৩০০ | ১১২০০ | ১১০০০ | ১০৯১০ | ১২০০০ | ১২৫০০ |
| | | | [৫.২.২] গৃহীত পদক্ষেপ | সংখ্যা | ২.০০ | ১০১১১ | ১০২০০ | ১০৬০০ | ১০৫৭৫ | ১০৫০০ | ১০২২৫ | ১০১১১ | ১২৫০০ | ১৩০০০ |
| | | | [৫.২.৩] চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | সংখ্যা | ২.০০ | ৫৩৮০ | ৫৪০০ | ৫৫৫০ | ৫৫০০ | ৫৪৬০ | ৫৪০০ | ৫৩৮০ | ৫৮০০ | ৬০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৬] কারাবন্দিদের স্বাস্থ্যসম্মত ও নিরাপদ হেফাজত নিশ্চিতকরণ। | ৮ | [৬.১] কারাবন্দিদের জন্য কারিগরি প্রশিক্ষণ আয়োজন | [৬.১.১] প্রশিক্ষিত কারাবন্দি | সংখ্যা | ২.০০ | ২০০ | ৩০৬০ | ৩০৯০ | ৩০৮৫ | ৩০৮০ | ৩০৭০ | ৩০৫০ | ৪০০০ | ৪৫০০ |
| | | [৬.২] কারাগারের সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ | [৬.২.১] প্রদানকৃত কারা সেবা | সংখ্যা | ৩.০০ | ১৭০০০ | ১৭৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ১৭৫০০ | ১৭০০০ | ১৯৫০০ | ২০০০০ |
| | | | [৬.২.২] কারাবন্দিদের থাকার জায়গা | ব:ফু:/জন | ৩.০০ | ১৭ | ১৭.৫ | ১৮.৫ | ১৮.২৫ | ১৮.০০ | ১৭.৫০ | ১৭.০০ | ২১.০০ | ২২.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র সচিব<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ২০.৯.১৫<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২০/০৯/২০১৫<br>তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিসিএস | বাংলাদেশ সিভিল সার্ভিস |
| ২ | বিজিবি | বর্ডার গার্ড বাংলাদেশ |
| ৩ | সিআইডি | ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট |
| ৪ | এইচএসসি | হায়ার সেকেন্ডারি স্কুল সার্টিফিকেট |
| ৫ | এমআরপি | মেশিন রিডেবল পাসপোর্ট |
| ৬ | এমআরভি | মেশিন রিডেবল ভিসা |
| ৭ | এনটিএমসি | ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার |
| ৮ | এসবি | স্পেশাল ব্রাঞ্চ |
| ৯ | এসএসসি | সেকেন্ডারি স্কুল সার্টিফিকেট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] অপরাধ চিহ্নিতকরণ এবং গ্রেফতার | [১.১.১] তামিলকৃত গ্রেফতারী পরোয়ানা | ফৌজদারী মামলায় জারিকৃত গ্রেফতারী পরোয়ানা তামিলের জন্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হয় এবং যথাসময়ে বিজ্ঞ আদালতে প্রতিবেদন পেশ করা হয় | বাংলাদেশ পুলিশ | বাংলাদেশ পুলিশ এর বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] সনাক্তকৃত অপরাধী | ফৌজদারী অপরাধের সঙ্গে সংশিষ্ট অপরাধীদেরকে আইনের আওতায় আনয়নের লক্ষ্যে অপরাধ ওয়ারি অপরাধী সনাক্ত করে আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হয় | বাংলাদেশ পুলিশ | বাংলাদেশ পুলিশ এর বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] অপরাধ বিস্তার রোধকরণ | [১.২.১] সম্পন্নকৃত তদন্ত | রুজুকৃত ফৌজদারী মোকদ্দমায় প্রচলিত আইন মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মোকদ্দমার ঘটনার বিষয়ে তদন্ত সম্পন্ন করে বিজ্ঞ আদালতে প্রতিবেদন পেশ করা হয় | বাংলাদেশ পুলিশ | বাংলাদেশ পুলিশ এর বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] সড়ক এবং মহাসড়কে অপরাধ হ্রাস | [১.৩.১] হ্রাসকৃত মহাসড়ক সংক্রান্ত অপরাধ | দেশের মহাসড়ক ও সড়কসমূহে জনগণের নিরাপদ ও নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত পুলিশি টহল পরিচালনা করা হয় | বাংলাদেশ পুলিশ | বাংলাদেশ পুলিশ এর বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক পরিচালিত অগ্নি নির্বাপণ ও উদ্ধার কার্যক্রম | [২.১.১] সাড়াপ্রদানকৃত সময় | প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ এবং দুর্ঘটনায় জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে প্রতিটি দুর্যোগ ও দুর্ঘটনায় ফায়ার সার্ভিস স্টেশনসমূহের মাধ্যমে যথাসময়ে ঘটনাস্থলে পৌছে দুর্যোগ প্রতিরোধসহ উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] দুর্ঘটনার বিপরীতে পরিচালিত উদ্ধার কার্যক্রম | বর্তমানে বিদ্যমান ২৮৮টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের মাধ্যমে যে কোন প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্ঘটনায় তাৎক্ষণিকভাবে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা হয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] প্রতিরোধমূলক কার্যক্রম | [২.২.১] পরিচালিত অগ্নি নির্বাপণ মহড়া | অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ ও অগ্নি নির্বাপণ বিষয়ে সচেতনতা ও দক্ষতা গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন স্থানে নিয়মিত অগ্নি নির্বাপণ মহড়া পরিচালনা করা হয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.২] ইস্যুকৃত অগ্নি লাইসেন্স ও ছাড়পত্র | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ অনুযায়ী অগ্নি লাইসেন্স ও ছাড়পত্র প্রদান করা হয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.৩] প্রশিক্ষিত স্বেচ্ছাসেবী | অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ সফলভাবে মোকাবেলার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতায় স্বেচ্ছাসেবী গ্রুপ গঠন করে তাদেরকে বিভিন্ন দুর্যোগ ও এগুলোর উদ্ধার কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.৪] প্রদানকৃত অগ্নি নির্বাপণী মৌলিক প্রশিক্ষণ | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারী সমন্বয়ে মৌলিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয় | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] যথাসময়ে এমআরপি ও এমআরভি ইস্যুকরণ | [৩.১.১] ইস্যুকৃত এমআরপি | প্রত্যাশী ব্যক্তির নিকট থেকে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে প্রচলিত নিয়ম নীতি ও পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান করা হয় | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] ইস্যুকৃত এমআরভি | প্রত্যাশী ব্যক্তির নিকট থেকে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে প্রচলিত নিয়ম নীতি ও পদ্ধতি অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে মেশিন রিডেবল ভিসা ইস্যু করা হয় | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| [৩.২] পুলিশ ক্লিয়ারেন্স এবং ভেরিফিকেশন প্রদান | [৩.২.১] যথাসময়ে সাড়াপ্রদানকৃত আবেদন | প্রত্যাশী ব্যক্তির অনুকূলে যথাসময়ে এমআরপি এবং এমআরভি ইস্যুকরার লক্ষ্যে প্রচলিত নিয়ম নীতি অনুসরণ করে নির্ধারিত সময়সীমার মধ্যে পুলিশ ক্লিয়ারেন্স ও ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ করা হয় | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] সীমান্তবর্তী এলাকার অবৈধ কার্যকলাপ হ্রাসকরণ | [৪.১.১] হ্রাসকৃত সীমান্ত অপরাধ | দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে সীমান্ত নিরাপত্তা বজায় রেখে চোরাচালানের মাধ্যমে বিদেশী পণ্যের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ করা হয় | বর্ডার গার্ড বাংলাদেশ | বর্ডার গার্ড বাংলাদেশ এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.১.২] হ্রাসকৃত মানব পাচার | স্থল ও জল পথে মানব পাচার বন্ধের লক্ষ্যে বিজিবি এবং বাংলাদেশ কোস্ট গার্ডের মাধ্যমে নিয়মিত সীমান্ত টহল পরিচালনা করা হয় এবং টহল কার্যক্রম সংক্রান্ত রিপোর্টের ভিত্তিতে সীমান্ত নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয় | বর্ডার গার্ড বাংলাদেশ | বর্ডার গার্ড বাংলাদেশ এর বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] উপকূলবর্তী এলাকার অবৈধ কার্যকলাপ হ্রাসকরণ | [৪.২.১] পরিচালিত অভিযান | দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | বাংলাদেশ কোস্ট গার্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.২.২] আটককৃত অপরাধী | দেশের উপকূলবর্তী জলসীমায় অবৈধ কার্যকলাপ হ্রাস করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনার মাধ্যমে সংশ্লিষ্ট অপরাধীদেরকে চিহ্নিত ও আটক করে আইনের হাতে সোপর্দ করা হয় | বাংলাদেশ কোস্ট গার্ড | বাংলাদেশ কোস্ট গার্ড এর বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] সচেতনতা বৃদ্ধিকরণ | [৫.১.১] ইউনিয়ন ভিত্তিক সনাক্তকৃত মূল ব্যক্তি | মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গকে চিহ্নিতকরে তাদের মাধ্যমে মাদকের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলা হয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.১.২] আয়োজিত কর্মশালা | ইউনিয়ন পর্যায়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সমন্বয়ে দেশের বিভিন্ন স্থানে মাদক বিরোধী কর্মশালা আয়োজন করা হয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] মাদক বিক্রির বিরুদ্ধে নিয়মিত অভিযান | [৫.২.১] সনাক্তকৃত অপরাধী | নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালনার মাধ্যমে মাদক সংক্রান্ত অপরাধের সাথে সংশ্লিষ্ট সকল পর্যায়ের অপরাধীদেরকে সনাক্ত ও তালিকাভুক্ত করা হয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.২.২] গৃহীত পদক্ষেপ | মাদক সংক্রান্ত অপরাধের সাথে সংশ্লিষ্ট সকল পর্যায়ের অপরাধীদেরকে আইনের আওতায় আনয়নের লক্ষ্যে প্রচলিত আইন, বিধি মোতাবেক নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.২.৩] চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | মাদকাসক্ত ব্যক্তিবর্গকে কাউন্সেলিং ও চিকিৎসার মাধ্যমে পুনর্বাসন ও সমাজের মূল স্রোতধারায় একীভূতকরণের লক্ষ্যে তাদেরকে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে যথাযথ চিকিৎসা প্রদান করা হয় | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| [৬.১] কারাবন্দিদের জন্য কারিগরি প্রশিক্ষণ আয়োজন | [৬.১.১] প্রশিক্ষিত কারাবন্দি | মুক্তি লাভের পর কারাবন্দিরা যাতে সমাজের মূল স্রোতধারায় পুনর্বাসিত হতে পারে সে লক্ষ্যে তাদেরকে কারাগারে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ সব প্রশিক্ষণের মধ্যে রয়েছে হস্ত শিল্প, তাঁত শিল্প, পাট শিল্প, কার্পেট ও পাপস শিল্প, কাঠ শিল্প এবং বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৬.২] কারাগারের সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ | [৬.২.১] প্রদানকৃত কারা সেবা | কারাগারসমূহকে শাস্তি কেন্দ্রের পরিবর্তে সংশোধনী কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারাবন্দিদেরকে বিভিন্ন প্রকারের প্রশিক্ষণ ও কারাসেবা প্রদান করা হয় | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৬.২.২] কারাবন্দিদের থাকার জায়গা | কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে ২টি কেন্দ্রীয় কারাগার নির্মাণের কাজ বর্তমানে চলমান রয়েছে। এগুলোর কার্যক্রম শীঘ্রই চালু করা হবে। এ ছাড়া বার্ষিক কর্মসূচির আওতায় দিনাজপুর, বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠি, খুলনা এবং সিলেট জেলা কারাগার নির্মাণ/পূন:নির্মাণের কাজ চলছে | কারা অধিদপ্তর | কারা অধিদপ্তর এর বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয় | ইস্যুকৃত এমআরপি | প্রবাসী বাংলাদেশীদের অনুকূলে নোট ভারভাল প্রদান | বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের হাতে লিখা পাসপোর্ট পরিবর্তন করে এম আর পি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাংলাদেশ দুতাবাসসমূহের নোট ভারভাল প্রয়োজন | ৯০% | যথাসময়ে এমআরপি প্রদান বিলম্বিত হতে পারে |